# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**29 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) রাজ্যের ভারপ্রাপ্ত পুলিশ সঞ্চালক প্রধান হিসেবে ভারতীয় পুলিশ সেবার আধিকারিক হরমিত সিং আজ দায়িত্বভার গ্রহণ ।

২) রাজ্যসরকারের আসামকে বিনিয়োগের কেন্দ্রস্থল এবং দেশের শীর্ষ রাজ্যগুলির অন্যতম হিসেবে গড়ে তোলার লক্ষ্য ।

৩) উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভে দ্বিতীয় অমৃত স্নানের সময় পদপিষ্ট হয়ে কয়েকজনের মৃত্যু হওয়া সহ বেশ কয়েকজন আহত । হাইলাকান্দির একজন ব্যবসায়ীর এই পদপিষ্টের ঘটনায় মৃত্যু ।

এবং

৪) হাইলাকান্দি জেলা স্তরের বরদলৈ ট্রফি ফুটবল প্রতিযোগীতা আজ থেকে শুরু ।

---

রাজ্যের ভারপ্রাপ্ত পুলিশ সঞ্চালক প্রধান হিসেবে ভারতীয় পুলিশ সেবার আধিকারিক হরমিত সিং আজ দায়িত্বভার গ্রহণ করেন । গৌহাটীর উলুবারীতে আসাম পুলিশে মূখ্য কার্যালয়ে তিনি জি পি সিং থেকে দায়িত্ব গ্রহণ করেন । পূর্বের পুলিশ সঞ্চালক প্রধান

জ্ঞানেন্দ্র প্রতাপ সিংকে কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনীর সঞ্চালক প্রধান হিসেবে নিযুক্তি দেবার পরিপ্রেক্ষিতে হরমিত সিংকে ভারপ্রাপ্ত পুলিশ সঞ্চালক প্রধানের দায়িত্ব দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য আসাম পুলিশের বিদায়ী সঞ্চালক প্রধান জি পি সিংকে কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনীর সঞ্চালক প্রধানের দায়িত্বভার গ্রহণের আগে গতকাল আনুষ্ঠানিকভাবে বিদায় সম্বর্ধনা জানান । শ্রী আচার্য সঞ্চালক প্রধানকে নতুন দায়িত্ব গ্রহণের আগে অভিনন্দন জ্ঞাপন করেন । এ উপলক্ষে রাজভবনে আয়োজিত অনুষ্ঠানে বেশ কয়েকজন শীর্ষ আধিকারিক উপস্থিত ছিলেন ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ও আজ শ্রী সিংকে তার সরকারী বাসভবনে সাক্ষাৎ করে বিদায় সম্বর্ধনা জানান । মুখ্যমন্ত্রী তাকে ভবিষ্যৎ কর্মজীবনের জন্য শুভেচ্ছা জ্ঞাপন করেন ।

---------------------------------------------------------------------------------------------

ওয়াকফ সংশোধনী বিল ২০২৪ তদারক করার জন্য গঠন করা যৌথ সংসদীয় কমিটি আজ এর খসড়া প্রতিবেদনে অনুমোদন জানিয়েছে । আকাশবাণীর এক অনুষ্ঠানে অংশগ্রহণ করে এই ৩১ জনের কমিটির অধ্যক্ষ জগদম্বিকা পাল বলেন যে কমিটি বিলটির ১৪ নম্বর দফা সম্পর্কীত সংশোধন গ্রহণ করেছে ।তিনি বলেন যে এই প্রতিবেদন আগামীকাল লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার কাছে দাখিল করা হবে । বিগত ছয়মাসে বিলটি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে বলে তিনি জানান ।এদিকে কমিটিতে অর্ন্তভুক্ত বিরোধী পক্ষের সাংসদরা প্রতিবেদন গ্রহণ নিয়ে প্রশ্ন উত্থাপন করেন ।ডি এম কের সাংসদ এ রাজা বলেছেন যে প্রতিবেদনটি আলোচনার মাধ্যমর গ্রহণ করা হয়েছে । একইভাবে কংগ্রেসের নাসির হুসেন তাদের প্রদান করা বেশকিছু পরামর্শ প্রতিবেদনে অর্ন্তভুক্ত করা হয়নি বলে মন্তব্য করেছেন ।তৃণমূল কংগ্রেসের সাংসদ কল্যাণ ব্যানার্জী ,শিবসেনার উদ্ধব ঠাকরে গোষ্ঠীর সাংসদ অরবিন্দ সাওয়ন্ত ও বিরোধী পক্ষের অন্য সাংসদরা বিলটির বিরোধিতা করে তাঁরা লিখিত আবেদনদাখিল করেছেন বলে জানান ।

---------------------------------------------------------------------------------------------

উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মৌনি অমাবস্যা উপলক্ষে মহাকুম্ভে দ্বিতীয় অমৃত স্নানের জন্য গতকাল রাতে ভক্তদের ভীড়ের ফলে পদপিষ্ট হয়ে বেশ কয়েকজন ভক্ত নিহত হোয়া সহ কয়েকজন আহত হয়েছেন । উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ জানিয়েছেন যে ভক্তরা গতকাল রাতে অমৃত স্নানের জন্য আখারামার্গের বেরা পার হয়ে যাওয়ার সময় প্রচন্ড ভীড়ের জন্য বহু সংখ্যক ভক্ত গুরুতরভাবে আহত হন ।

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মূ , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এই ঘটনা খুব দু:খজনক বলে মন্তব্য করেছেন ।রাষ্ট্রপতি শ্রী মতী মূর্মূ এক বার্তায় নিহত ভক্তদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন ।তিনি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন । প্রধানমন্ত্রী নিহত ভক্তদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন । তিনি জানান যে স্থানীয় প্রশাসন ভুক্তভোগীদের সহায়তার জন্য পর্যাপ্ত প্রয়াস অব্যাহত রেখেছে ।প্রধানমন্ত্রী , মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের সংগে পরিস্থিতি সম্পর্কে আলোচনা করেছেন ।স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন যে প্রশাসন আহত লোকেদের চিকিৎসার জন্য ব্যবস্থা গ্রহণ করেছে ।উল্লখ্য প্রয়াগরাজে মৌনি অমাবস্যা উপলক্ষে এপর্যন্ত ৪ কোটির ও বেশী লোক সংগমে পবিত্র স্নান করেছেন । এখোনো লক্ষ লক্ষ ভক্ত পবিত্র স্নানের জন্য আসছেন বলে প্রয়াগরাজের আকাশবানীর সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে গতকালরাতে মহাকুম্ভে পদপিষ্ট হয়ে হাইলাকান্দির এক বিশিষ্ট ব্যবসায়ী নীতি রঞ্জন পালের মৃত্যু হয়েছে । রাত প্রায় ১টার সময় এই ঘটনা সংগঠিত হয় বলে জানা গেছে । প্রয়াত পাল গত ২৬ শে জানুয়ারী মহাকুম্ভের উদ্দেশ্যে রোয়ানা হয়েছিলেন । হাইলাকান্দিতে তার মৃত্যুতে শোকের ছায়া নেমে আসে । এদিকে হাইলাকান্দির ব্যবসায়ী সমিতি প্রয়াত পালের মৃতদেহ হাইলাকান্দিতে নিয়ে আসার জন্য প্রশাসনের কাছে আবেদন জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার নেতৃত্বে রাজ্য সরকার আসামকে বিনিয়োগের কেন্দ্র ও দেশের শীর্ষ রাজ্যগুলির অন্যতমরুপে গড়ে তোলার লক্ষে প্রতিশ্রুতিবদ্ধ । আগামী ২৫ ও ২৬ সে ফেব্রুয়ারী গৌহাটীতে অনুষ্ঠেয় এডভান্টেজ আসাম দ্বিতীয় সংস্করণের প্রস্তুতির খোজ নিয়ে শিল্প , বানিজ্য ও সরকারী কোম্পানী বিভাগের মন্ত্রী বিমল বরা আজ একথা জানান । তিনি বলেন যে আসন্ন এডভান্টেজ আসাম দ্বিতীয় সংস্কেরণের ৫ টি সহযোগী রাষ্ট্র ও এই বিনিয়োগ সম্মেলনে অংশ গ্রহণ করে বিশ্বের বিভিন্ন প্রান্তের প্রথমসারির শিল্পপতিদের সংগে এই লক্ষে উপনীত হতে সমর্থ হবে ।তিনি এডভান্টেজ আসাম সম্মেলন সফল করে তোলার জন্য বিস্তারিত পরিকল্পনা ও কৌশল রুপায়ন সুনিশ্চিত করতে সকলের প্রতি আহ্বান জানান । পর্যালোচনা বৈঠকে আসাম শিল্প উন্নয়ন নিগমের পরিচালক সঞ্চালক মানবেন্দ্র সিং , বানিজ্য বিভাগের কমিশনার ঐনাম চরণ কুমার সিং সহ বেশ কয়েকজন প্রবীণ আধিকারিক উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু আজ গোগামুখ বাদুলোকায় ঝুমুর নৃত্যের চারদিনব্যাপী কর্মশালার উদ্ভোধন করেন। রাজ্য সরকারের উদ্যোগে ২০ শে ফেব্রুয়ারী গৌহাটীর সরু সাজাই ষ্টেডিয়ামে প্রায় ৮ হাজার শিল্পী ঝুমুর নৃত্য পরিবেশন করে বিশ্ব রেকর্ড গড়ার প্রয়াসের অংশ হিসেবে এই কর্মশালার আয়োজন করা হয়েছে ।রাজ্য সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত এই কর্মশালায় জোনাই , চিলাপথার , মাছখোয়া , ধেমাজি , গোগামুখের বরদলৈ বাগান ও গ্রামের নৃত্য শিল্পীরা অংশ গ্রহণ করেছেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা স্তরের বরদলৈ ট্রফি ফুটবল প্রতিযোগীতা আজ থেকে শুরু হয়েছে । প্রতিযোগীতার আজ উদ্বোধনী ম্যাচে আলগাপুর এফ সি ২-১ গোলে ইন্সার্ট ক্লাবকে পরাজিত করে । নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামে অনুষ্ঠিত উদ্বোধনী ম্যাচ শুরুর আগে প্রাক্তন মন্ত্রী তথা হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার সভাপতি গৌতম রায় ৭০তম ভারতরত্ন গোপীনাথ বরদলৈ ফুটবল প্রতিযোগীতার উদ্বোধন করেন । এ উপলক্ষ্যে জাতীয় ফুটসল খেলোয়াড় পুষ্পা সাহুকে জেলা ক্রীড়া সংস্থার পক্ষ থেকে সংবর্ধনা জানানো হয় ।

আগামীকাল বরদলৈ ট্রফির দুটি ম্যাচ এই মাঠে অনুষ্ঠিত হবে । সকাল ১১ টায় বি গ্রুপের ম্যাচে প্যারাডাইস এন জি ও // ভাটিরকূপা ফুটবল ক্লাবের মুখোমুখি হবে । অন্যদিকে বেলা দুটোয় একই গ্রুপের রয়েল এসোসিয়েশন//রংমাই নাগা ক্লাবের মুখোমুখি হবে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যান এবং জলসেচ বিভাগের মন্ত্রী অশোক সিংহল দু দিনের বরাক উপত্যকা সফরসূচী নিয়ে আগামীকাল শিলচর আসছেন । মন্ত্রী শ্রী সিংহল আগামীকাল সকালে শিলচর কুম্ভীরগ্রাম বিমানবন্দরে এসে শ্রীভূমি চলে যাবেন । এরপর মন্ত্রী শ্রী সিংহল সকাল সাড়ে দশটায় শ্রীভুমি সিভিল হাসপাতাল পরিদর্শন করে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হয়ে হাইলাকান্দিতে যাবেন । এরপর মন্ত্রী শ্রী সিংহল বিকেল তিনটে ২০ মিনিটে হাইলাকান্দিতে অনুরূপ একটি পর্য্যালোচনা বৈঠকে অংশ নেবেন । পরে মন্ত্রী শিলচরে এসে রাত্রি যাপন করবেন এবং আগামী শুক্রবার সকালে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতাল পরিদর্শন করে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হবেন । মন্ত্রী শুক্রবারই দিশপুর ফিরে যাবেন ।

---------------------------------------------------------------------------------

পূর্ত বিভাগের শিলচর ও উধারবন্দ টেরিটোরিয়েল রোড ডিভিশনের মূখ্য কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে পয়লাপুল-জয়পুর-হরিনগর-কুমাছড়া রোডের একটি গুরুত্বপূর্ন অংশে একটি বক্স কালভার্ট নির্মাণের জন্য ওই সড়ক দিয়ে সবধরণের ভারী যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা জারি করেছেন । এই নিষেধাজ্ঞা আগামী পয়লা ফেব্রুয়ারী থেকে ২৮ ফেব্রুয়ারী পর্যন্ত কার্যকর থাকবে । উল্লেখ্য মূখ্যমন্ত্রীর উন্নত পাকাপথ নির্মাণ প্রকল্পের অধীনে এই উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে আগামীকাল হাইলাকান্দি জেলায়ও মহাত্মা গান্ধীর তিরোধান দিবস শহীদ দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে দেশের স্বাধীনতা সংগ্রামে আত্ম বলিদানকারী শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে সকাল ১১টায় দু মিনিট মৌনতা পালন করা হবে । সকাল ১০টা ৫৯ মিনিটে হাইলাকান্দি শহরের জনসংযোগ বিভাগের স্থায়ী মাইক যোগে এক মিনিট সাইরেন বাজিয়ে মৌনতার সূচনা করা হবে । এই সময়ে জনসাধারনকে নিজেদের কাজকর্ম থেকে বিরত থেকে গাড়ি, রিক্সা , অটো ইত্যাদি যানবাহন চালানো বন্ধ রেখে শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করতে বলা হয়েছে । এরপর সকাল ১১টা দুই মিনিটে সাইরেন বাজিয়ে নিরবতা ভঙ্গ করা হবে । হাইলাকান্দি জেলা প্রশাসন থেকে এই সময় জনসাধারনকে নিজেদের কর্মত্যাগ করে নিরবতা বজায় রাখতে আবেদন জানানো হয়েছে

-----------------------------------------------------------------------------------------

এদিকে শ্রীভূমি জেলায়ও আগামীকাল যথাযোগ্য মর্য্যাদায় শহীদ দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে জেলা প্রশাসন থেকে সকাল ১১টায় দু মিনিটের জন্য সব ধরনের কাজকর্ম ও যানবাহন চলাচল বন্ধ রেখে নীরবতা পালন করতে জনসাধারনের প্রতি আহ্বান জানানো হয়েছে । এই সময়কালে সরকারী-বেসরকারী কার্য্যলয় , শিক্ষা প্রতিষ্ঠান , যানবাহন দু মিনিটের জন্য বন্ধ রেখে দেশের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হবে ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার পাঁচগ্রাম পুলিশ বিশেষ অভিযান চালিয়ে চার জন চোর সহ সাম্প্রতিক সময়ে চুরি যাওয়া বিভিন্ন সামগ্রী উদ্ধার করেছে । আমাদের হাইলাকান্দি জেলার সংবাদদাতা জানিয়েছেন যে কয়েকদিন আগে জানকি বাজারে একটি বাড়ি ও একটি সরকারী বিদ্যালয়ে চুরির ঘটনার অভিযোগের ভিত্তিতে পাঁচগ্রাম থানায় মামলা দায়ের করা হয় । তদন্তের পর পুলিশ আজ চারজন চোরকে আটক করে এবং চুরি যাওয়া সামগ্রী বাজেয়াপ্ত করেছে । ধৃত চোররা হচ্ছে-জানকিবাজার ডলিডহরের সাদ্দাম

হোসেন , মাসুক আহমেদ, সাহিদ আহমেদ এবং জামাল উদ্দিন । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি পৌরসভার কার্য্যবাহী আধিকারিক এক বিজ্ঞপ্তীতে শ্রীভূমি শহরের উন্মুক্ত নালা-নর্দমা ও খোলা স্থানে আর্বজনা না ফেলতে নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছেন । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে কোন ব্যাক্তি , সবজি , মাছ ও চাল বিক্রেতা , হোটেল ,শো রুম , শপিং মল হাসপাতাল কর্তৃপক্ষ যদি নালা-নর্দমা ও খোলা স্থানে আবর্জনা ফেলেন , তবে ২০১৬ সালের কঠিন বর্জ ব্যবস্থাপনা ধারায় পরিবেশের ক্ষতিপূরন হিসেবে ২০ হাজার টাকা এবং পরিষ্কার -পরিচ্ছন্নতার মূল্যও দায়ের করা হবে ।

---------------------------------------------------------------------------------------------